



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

www.mymensingheducationboard.gov.bd

নোটিশ

স্মারক নম্বর: মশিবো/ভর্তি/২০২৪-২০২৫/ ৩৩১১

তারিখ : ১৫/০৭/২০২৪ খ্রি:

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের বুয়েট কর্তৃক প্রেরিত তালিকা ডাউনলোড ও ভর্তির সময় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না দেওয়া প্রসঙ্গে


ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের কলেজ ভিত্তিক তালিকা অদ্য ১৫.০৭.২০২৪ খ্রি: তারিখে একাদশ শ্রেণির ভর্তি ওয়েবসাইট www.management.xiclassadmission.gov.bd এ কলেজের ইউজার নেইম ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে বুয়েট কর্তৃক অনলাইনে প্রদানকৃত শিক্ষার্থীদের তালিকা অনুযায়ী ভর্তি করতে হবে। উক্ত তালিকা বহির্ভূত কোন শিক্ষার্থীকে ভর্তি করা যাবে না।

কলেজে ভর্তির সময় শিক্ষার্থীর এসএসসি পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নিয়ে একাডেমিক ট্রান্সক্রিপ্টের অনলাইন কপি জমা নিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড জমা নেওয়া যাবে তবে পরবর্তীতে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা প্রদান করলে মূল এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন কার্ড শিক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।

অধ্যক্ষ

উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

 15.07.2024

(প্রাণেশ রঞ্জন রায়)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ